


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪-২২৯

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০
২১ মে ২০২৩

বিষয় : জামালপুর জেলার ইসলামপুর পৌরসভাটি “খ” শ্রেণি হতে “ক” শ্রেণিতে উন্নীত হওয়ায় উক্ত পৌরসভায় কর্মরত নিকাহ রেজিস্ট্রারদের গণ্যকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, ইসলামপুর, জামালপুর এর গত ০৩/০১/২০২৩ খ্রি. তারিখের ০৪ নং স্মারকমূলে প্রেরিত প্রতিবেদনের আলোকে জামালপুর জেলার ইসলামপুর পৌরসভাটি “খ” শ্রেণি হতে “ক” শ্রেণিতে উন্নীত হওয়ায় ও উক্ত পৌরসভার ০১, ০২, ০৩, ০৪, ০৫ ও ০৬ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে কর্মরত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিদ্দিকুর রহমান ০১ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০১ ও ০২ নং ওয়ার্ডে; ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত অধিক্ষেত্রে কর্মরত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আমিনুল ইসলাম ০৭ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় তাঁকে ০৭ ও ০৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।



(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪-২২৯.

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০
২১ মে ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৫। ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ময়মনসিংহ।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা রেজিস্ট্রার, জামালপুর।
- ০৮। সাব-রেজিস্ট্রার, ইসলামপুর, জামালপুর।
- ০৯। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, নিকাহ রেজিস্ট্রার, ০১ ও ০২ নং ওয়ার্ড, ইসলামপুর পৌরসভা, জামালপুর।
- ১০। জনাব মোঃ আমিনুল ইসলাম, নিকাহ রেজিস্ট্রার, ০৭ ও ০৮ নং ওয়ার্ড, ইসলামপুর পৌরসভা, জামালপুর।
- ১১। অফিস কপি/গার্ড ফাইল।



(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮